

বঙ্গীয় মুচলেকাবন্ধ পণ্যাগার পরিমেল

(১৮৫৪-র ৫)

বঙ্গীয় মুচলেকাবন্ধ পণ্যাগার পরিমেল সম্পর্কিত ১৮৩৮-এর ৫নং আইন সংশোধনার্থ আইন।

[১০ই ফেব্রুয়ারি, ১৮৫৪]

যেহেতু বঙ্গীয় মুচলেকাবন্ধ পণ্যাগার পরিমেল এরূপ ইচ্ছা করেন যে ১৮৩৮-এর ৫নং প্রস্তাবনা। আইনের বিধানসমূহের সংশোধন হওয়া উচিত এবং ইহা প্রতীয়মান হয় যে ঐরূপ সংশোধন করা যুক্তিসংগত, অতএব নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

১। [১৮৩৮-এর ৫নং আইনের ১২, ১৪, ৩২ ও ৩৭ ধারাসমূহের নিরসন] নিরসন আইন, ১৮৭০ (১৮৭০-এর ১৪), ১ ধারা ও তফসিল, ভাগ ২ দ্বারা নিরাসিত।

২। উক্ত পরিমেলের কারবার ছয় জন ডিরেক্টর কর্তৃক পরিচালিত হইবে, যাহাদের তিনজনে কারবার পরিচালনা। কোরাম গঠিত হইবে।

৩। যে দুইজন ডিরেক্টরকে প্রত্যেক বৎসর আবর্তনক্রমে পদ পরিত্যাগ করিতে হইবে তাহারা মে মাসে, ঐ মাসে অনর্দ্বিগত হইবে বলিয়া নির্দেশিত মালিকগণের নিয়মিত সাধারণ সভা অনর্দ্বিগত হইবার পূর্বেই, পদ পরিত্যাগ করিবেন, এবং ঐরূপ নিয়মিত সাধারণ সভায় দুইজন ডিরেক্টর বৃত্ত হইবেন, এবং ঐরূপে পদ পরিত্যাগকারী ডিরেক্টরগণ, বা তাহাদের দুই-জনের একজন, ঐ একই বৎসরে ঐরূপ সাধারণ সভায় পুনর্নির্বাচনযোগ্য হইবেন।

৪। কোন ব্যক্তি, যিনি স্বাধিকারবলে উক্ত পরিমেলের মূলধনী স্টকের পাঁচটি শেয়ারের মালিক নহেন, তিনি উক্ত পরিমেলের একজন ডিরেক্টর হইবার যোগ্য হইবেন না।

৫। উক্ত মালিকগণের নিয়মিত সাধারণ সভা প্রত্যেক বৎসরে অন্ততঃ দুইবার, অর্থাৎ মে মাসের দ্বিতীয় বৃধবারে ও নভেম্বর মাসের দ্বিতীয় বৃধবারে, অনর্দ্বিগত হইবে, এবং ঐরূপ প্রত্যেক নিয়মিত সভায় উক্ত পরিমেলের ডিরেক্টরগণ উক্ত পরিমেলের কার্যাবলীর অবস্থার একটি লিখিত প্রতিবেদন ও একটি তুলন পত্র পেশ করিবেন ; এবং ঐরূপ সাধারণ সভা উক্ত পরিমেলের মুনামফা হইতে লাভাংশ ঘোষণা করিতে পারেন, তবে এরূপ কোন লাভাংশ ঘোষিত হইবে না যাহা উক্ত পরিমেলের মূলধন হ্রাস করে।

৬। উক্ত পরিমেলের পক্ষে উহার নিজস্ব কার্যবাহসমূহ প্রনিয়ন্ত্রণের জন্য উপবিধিসমূহ প্রণয়ন করা বিধিসম্মত হইবে, যে উপবিধিসমূহ কেবল উহার নিজের সদস্যগণের ও আধিকারিকগণের উপর বাধ্যকর হইবে, তবে ঐরূপ কোন উপবিধি সিদ্ধ হইবে না যে পর্যন্ত না উহা তদুদ্দেশ্যে বিশেষভাবে সমাহৃত মালিকগণের একটি বিশেষ সাধারণ সভা দ্বারা অনুমোদিত হয়, পরন্তু, ঐরূপ কোন উপবিধি সিদ্ধ হইবে না যে পর্যন্ত না উহা কেন্দ্রীয় সরকার কর্তৃক সমর্থিত হয়।

৭। ১৮৬০-এর মার্চ মাসের ১৪ই তারিখের পর যেকোন সময়ে কেন্দ্রীয় সরকারের পক্ষে, একটি সপরিষদ আদেশ দ্বারা, ঐরূপ আদেশের তারিখ হইতে পাঁচ বৎসর অবসিত হইলে উক্ত পরিমেল ভঙ্গ হইবে বলিয়া নির্দেশ প্রদান করা বিধিসম্মত হইবে, এবং ১৮৩৮-এর ৫ নং আইনের ৩৯ ধারায় উল্লিখিত উদ্দেশ্যসমূহের জন্য ব্যতীত, ঐরূপ আদেশ উক্ত পাঁচ বৎসর কালের অবসানে উক্ত নিগম ভঙ্গ করিতে স্বতঃই কার্যকরী হইবে।

(Saka)

Act,

ons
973